

প্রস্তাবিত প্রকল্পের সারসংক্ষেপ

জেনারেল মোটরস LLC – ডেট্রয়েট, ওয়েন কাউন্টি, মিশিগান

জেনারেল মোটরস LLC

মিশিগান পরিবেশ, গ্রেট লেকস ও জ্বালানি অধিদপ্তর, বায়ুর গুণগতমান বিভাগ (AQD), জেনারেল মোটরস LLC ডেট্রয়েট-হ্যামট্রামিক অ্যাসেম্বলি (GM)-এর জন্য একটি প্রস্তাবিত পারমিট টু ইনস্টল (PTI) সম্পর্কে জনগণের কাছ থেকে মন্তব্য চাইছে। AQD ১৪ মার্চ, ২০২২ তারিখে মন্তব্য পর্ব শেষ হবার আগ পর্যন্ত প্রস্তাবিত PTI বিষয়ক মন্তব্য গ্রহণ করবে। আমরা প্রস্তাবের বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে সকল মন্তব্য পর্যালোচনা করবো।

GM কী করার প্রস্তাব দিচ্ছে?

GM PTI নং. 209-19-এর অধীনে অনুমোদিত একটি বিদ্যমান মোটরযান উৎপাদন প্রক্রিয়ায় পরিবর্তন আনার প্রস্তাব করছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- অতিরিক্ত প্রাকৃতিক গ্যাস সরঞ্জাম ও ব্যবহার
- নতুন জরুরি সরঞ্জাম
- নতুন সিলার ও আঠা জাতীয় উপকরণ
- স্ট্যাক প্যারামিটার ও অবস্থানে পরিবর্তন


PTI কী এবং এটি কেন প্রয়োজন?

PTI, যা সাধারণত বায়ু ব্যবহারের অনুমোদন হিসেবে পরিচিত, এমন প্রকল্পগুলোর জন্য আবশ্যিক যার বেশিরভাগ প্রক্রিয়া বা প্রক্রিয়ার সরঞ্জাম স্থাপন, নির্মাণ, পুনর্নির্মাণ, স্থানান্তর বা পরিবর্তন বায়ু দূষক পদার্থ নির্গত করে, অথবা নির্গত করতে পারে, যেমন মোটরযান উৎপাদন প্রক্রিয়া GM পরিবর্তন করার প্রস্তাব করছে।

AQD আবেদনটি পর্যালোচনা করেছে এবং প্রস্তাবিত পারমিটের শর্তাবলী লিখেছে যার মধ্যে প্রকল্পটি প্রযোজ্য সকল বায়ু বিষয়ক আইন ও বিধিমালা মেনে চলে কিনা সেটা নিশ্চিত করার আবশ্যিকীয়তা অন্তর্ভুক্ত রয়েছে।

GM কেন গণমন্তব্য নিতে যাচ্ছে?

PTI #209-19-এর অধীনে অনুমোদিত প্রকল্পটি নেটিং নামক একটি প্রক্রিয়া ব্যবহার করে যা প্রদর্শন করে যে এটি নির্দিষ্ট কিছু বিধিমালার অধীন নয়। এই ধরনের অনুরোধের জন্য জনসাধারণের মন্তব্য গ্রহণ আবশ্যিক।



চিত্র 1: বর্তমান GM ফ্যাসিলিটির অবস্থান

প্রস্তাবিত পারমিট সম্পর্কে আমার আসলে কী জানা দরকার?

এই পারমিট অনুমোদিত হলে GM-কে নির্দিষ্ট আবশ্যিকীয়তাগুলো মেনে চলতে হবে। আপনি যে মূল ক্ষেত্রগুলোতে আগ্রহী হতে পারেন, অথবা আপনি আরো বিস্তারিত জানতে চাইতে পারেন, সেগুলো হলো:

- নির্গমন সীমা - নির্দিষ্ট বায়ু দূষকের পরিমাণ GM-কে নির্গত করতে দেওয়া হবে। GM নিম্নলিখিত উপাদানগুলোর নির্গমন বৃদ্ধির অনুরোধ করছে:
- ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ড (VOCs)

- নাইট্রোজেনের অক্সাইডসমূহ (NOx)
 - বস্তু কণা (PM)
 - ১০ মাইক্রনের চেয়ে কম ব্যাসের PM (PM10)
 - ২.৫ মাইক্রনের চেয়ে কম ব্যাসের PM (PM2.5)
 - কার্বন মনোঅক্সাইড (CO)
 - সালফার ডাইঅক্সাইড (SO2)
 - গ্রিনহাউজ গ্যাস
- উপকরণ সীমা - কী পরিমাণ অথবা কোন ধরনের উপকরণ ব্যবহার করা যেতে পারে, যেমন প্রাকৃতিক গ্যাস।
 - ডিজাইনের বিধিনিষেধ - সরঞ্জামের আবশ্যিকতা, যাতে কিভাবে এবং কখন নিয়ন্ত্রণ ডিভাইস পরিচালনা করতে হবে সেটা অন্তর্ভুক্ত রয়েছে।
 - কার্য পরিচালনার বিধিনিষেধ –কিভাবে নির্গমন হ্রাস করার জন্য উপকরণ ব্যবস্থাপনা করতে হবে। প্রাথমিক কম উৎপাদন সময়ের শেষ তারিখ নির্দিষ্ট করে।
 - পর্যবেক্ষণ এবং রেকর্ডকিপিং - রেকর্ড রাখে যাতে তারা যে তাদের পারমিটের আবশ্যিকীয়তা পূরণ করেছে সেটা অবশ্যই প্রদর্শন করতে থাকতে হয়।


এলাকায় বায়ুর বর্তমান মান কত?

মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা সংস্থা নির্দিষ্ট বায়ু দূষকগুলোর জন্য স্বাস্থ্য-সুরক্ষা স্ট্যান্ডার্ড তৈরি করেছে। এই স্ট্যান্ডার্ডকে জাতীয় পারিপার্শ্বিক বায়ুর গুণগতমান আদর্শ (NAAQS) বলা হয়।

সালফার ডাইঅক্সাইড (SO₂), নাইট্রোজেন ডাইঅক্সাইড (NO₂), কার্বন মনোঅক্সাইড (CO), ১০ মাইক্রনের সমান বা কম ব্যাসের বস্তুকণা (PM10), ২.৫ মাইক্রনের সমান বা কম ব্যাসের বস্তুকণা (PM2.5), ওজোন, ও সীসা-র জন্য NAAQS রয়েছে।

উচ্চ মাত্রার দূষণের ফলে সৃষ্ট বায়ুর নিম্নমান স্বাস্থ্য সমস্যা ঘটাতে পারে। NAAQS গবেষণা কর্ম থেকে তৈরী এবং জনস্বাস্থ্য রক্ষার জন্য মাত্রায় সেট করা। এর মধ্যে রয়েছে সংবেদনশীল জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সুরক্ষা, যেমন যাদের হৃদযন্ত্র এবং ফুসফুসের সমস্যা রয়েছে।

ফ্যাসিলিটিটি মিশিগানের ওয়েন কাউন্টির একটি অংশে অবস্থিত যা বর্তমানে ওজোন ছাড়া সকল NAAQS পূরণ করেছে। AQD ওয়েন কাউন্টিতে ১১টি বায়ু পর্যবেক্ষণ কেন্দ্র (সমূহ) পরিচালনা করে। সম্মিলিতভাবে, ওয়েন কাউন্টি কেন্দ্রগুলো সকল NAAQS দূষক পরিমাপ করে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, বায়ু পর্যবেক্ষণ কেন্দ্রগুলোর উদ্দেশ্য আঞ্চলিক বা অঞ্চলব্যাপী বায়ু মান মূল্যায়ন করা এবং কোনো নির্দিষ্ট উৎস তাদের এয়ার পারমিট মেনে চলছে কিনা তা নির্ধারণ করতে ব্যবহৃত হয় না।



চিত্র 2: ওয়েন কাউন্টির বায়ু পর্যবেক্ষণ কেন্দ্রের মানচিত্র

“অ-অর্জিত অঞ্চল” কী?

স্টেটের যে অঞ্চলে বায়ুতে দূষকের ঘনত্ব NAAQS এর নিচে রয়েছে তাদের অর্জিত অঞ্চল বলা হয়। একটি অঞ্চলকে অ-অর্জিত হিসেবে মনোনীত করা হয় যখন ঘনত্ব বায়ু গুণগতমানের আদর্শের উপরে থাকে। এটি তিন বছরের গড় বায়ু পর্যবেক্ষণ ডাটা ও বায়ু বিক্ষেপণ মডেলিংসহ অনেক নিয়ামক ব্যবহার করে নির্ধারিত হয়। মোটরযান অ্যাসেম্বলি প্ল্যান্টটি এমন একটি এলাকায় রয়েছে যা ওজোনের জন্য অ-অর্জিততে রয়েছে।

কিভাবে GM একটি অ-অর্জিত অঞ্চলে নির্গমন বৃদ্ধির অনুরোধ করতে পারে?

একটি অ-অর্জিত অঞ্চলের জন্য বায়ু দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা অঞ্চলটিকে অর্জিততে ফিরিয়ে আনার পাশাপাশি নতুন বৃদ্ধির অনুমতি দেওয়ার জন্য প্রস্তুত করা হয়েছে। যদি কোনো প্রকল্প একটি নির্দিষ্ট সীমার চেয়ে বেশি

নির্গমনের পরিবর্তন চায় তাহলে এটি অ-অর্জিত নতুন উৎস পর্যালোচনা (NNSR) অনুমতি সাপেক্ষে হবে।

NNSR আবশ্যিক কিনা দেখার জন্য GM একটি "নেটিং বিশ্লেষণ" সম্পাদন করেছে। নেটিং বিশ্লেষণ অতীতের নির্গমন, নির্দিষ্ট নির্গমন বৃদ্ধি এবং/অথবা হ্রাস, ও অনুরোধকৃত নির্গমনের তুলনা করে। যদি NO_x বা VOC-এর জন্য এই তুলনা থেকে নির্গমনের মোট বৃদ্ধি ৪০ টন বছর প্রতি (tpy)-এর বেশি হয়, তাহলে সেই দূষককে অবশ্যই একটি অ-অর্জিত পর্যালোচনার মধ্য দিয়ে যেতে হবে।

GM যে বিশ্লেষণ করেছে AQD তা পর্যালোচনা করেছে এবং অ-অর্জিত পর্যালোচনার আবশ্যিকতা নেই বলে নির্ধারণ করেছে। এই বিশ্লেষণ সংক্রান্ত আরো তথ্য [কারিগরি তথ্য শিটে](#) পাওয়া যাবে।

এই ফ্যাসিলিটি কি বায়ুর গুণগত মানের আদর্শগুলো পূরণ করবে?

আশপাশের এলাকার বায়ু মানে অনুরোধকৃত নির্গমনের প্রভাবগুলো ভালোভাবে দেখতে একটি কম্পিউটার মডেল ব্যবহার করা হয়েছিল। এই ধরনের কম্পিউটার মডেলকে বায়ু বিক্ষিপণ মডেল বলা হয় এবং অনেক নিয়ামক বিবেচনা করা হয়, যেমন নির্গমনের পরিমাণ ও ধরন, নিয়ন্ত্রক বাতাসের দিক এবং অন্যান্য নিয়ামক।

মডেলটি প্রদর্শন করে যে অনুরোধকৃত নির্গমনের প্রত্যাশিত প্রভাব, এবং বিদ্যমান পরিমাপকৃত মাত্রা, NO_x, PM₁₀, ও PM_{2.5}-এর জন্য NAAQS এর চেয়ে কম।

মিশিগান অতিরিক্ত দূষণের জন্য স্বাস্থ্য-ভিত্তিক মাত্রা তৈরি করেছে যাকে এর বায়ু দূষণ বিধিমালায় অধীনে বিষাক্ত বায়ু নিয়ন্ত্রণ (TACs) হিসেবে উল্লেখ করা হয়। এছাড়াও এই প্রকল্প থেকে প্রস্তাবিত TAC নির্গমন AQD'এর স্বাস্থ্য-ভিত্তিক স্ক্রিনিং মাত্রাগুলো মেনে চলবে।

অন্যান্য ভাষায় অনুবাদ কী করা হয়েছে?

প্রস্তাবিত প্রকল্পের এলাকার ১-মাইল ব্যাসার্ধের মধ্যে "খুব ভালো থেকে কম" ইংরেজি বলতে পারেন এমন লোকসংখ্যার উপর একটি মূল্যায়ন করা হয়েছিল। এটি [US EPA's EJSCREEN](#)-এর মতো একটি পরিবেশগত ন্যায়বিচার স্ক্রিনিং টুল ব্যবহার করে EGLE-এর [সীমিত](#)

[ইংরেজি দক্ষতার পরিকল্পনা কর্তৃক আবশ্যিক](#)। ফলাফলে দেখা যায় যে আরবি ও বাংলা ভাষায় অনুবাদ সহায়ক হবে। অনূদিত কাগজপত্র, যেমন গণশুনানির বিজ্ঞপ্তি, প্রস্তাবিত প্রকল্পের সারসংক্ষেপ, এবং আগ্রহী পক্ষকে পত্র [Michigan.gov/EGLEAirPublicNotice](#)-এ পাওয়া যাবে, "মন্তব্যের জন্য উন্মুক্ত আবেদন" নির্বাচন করুন।

শব্দ দূষণ, ট্রাফিক ও জোনিং এর ক্ষেত্রে কী হবে?

AQD প্রস্তাবিত ফ্যাসিলিটি থেকে সম্ভাব্য বায়ু নির্গমন বায়ু মানের নিয়ম ও বিধিমালা মেনে চলবে কিনা তা নির্ধারণ করতে এটি মূল্যায়ন করে।

AQD-এর ফ্যাসিলিটির বাইরে শব্দ দূষণ বা ট্রাফিক নিয়ন্ত্রণ করার এখতিয়ার নেই এবং আঞ্চলিক জোনিং আবশ্যিকতার পরিপালন মূল্যায়ন করার এখতিয়ার নেই।

আমি কোথায় আরো তথ্য পেতে পারি?

আপনি AQD কর্মীর সাথে যোগাযোগ করে PTI সংক্রান্ত আরো তথ্য [কারিগরি তথ্যের শিট](#) থেকে জানতে পারেন, যেটিতে এই প্রকল্প সম্পর্কে সংযোজিত বিবরণ এবং এটি কিভাবে নিয়ম ও বিধিমালা পালন করবে তা অন্তর্ভুক্ত রয়েছে। যেমন:

- AQD কর্মীদের দ্বারা সম্পন্ন পর্যালোচনার একটি সারসংক্ষেপ।
- এই প্রকল্প বায়ুর গুণগত মান ও জনস্বাস্থ্যে কিভাবে প্রভাব ফেলবে।
- প্রস্তাবিত পারমিটের জন্য GM-কে কী করতে হবে তার সারসংক্ষেপ।
- প্রস্তাবিত পারমিটে অনুরোধকৃত এবং অন্তর্ভুক্ত নির্গমনের সারসংক্ষেপ।
- এই প্রকল্পের জন্য প্রযোজ্য নিয়ম ও বিধিমালা।
- নির্গমন নির্ণয়ের উদাহরণ।

সারসংক্ষেপ:

AQD এই PTI আবেদন পর্যালোচনা করেছে এবং একটি প্রস্তাবিত পারমিট তৈরি করেছে। প্রস্তাবিত পারমিট অনুমোদিত হলে, এটি নিশ্চিত করবে যে এই ফ্যাসিলিটি প্রযোজ্য বায়ু মানের আবশ্যিকতাগুলো পূরণ

করছে। অতএব, আমরা এই প্রস্তাবিত পারমিটকে অনুমোদন দেবার সুপারিশ করছি।

তবে, AQD এই PTI আবেদনের ব্যাপারে কোনো পদক্ষেপ নেবার আগে, আমরা জনগণকে মন্তব্য জানানোর অনুরোধ করছি। AQD গণমন্তব্য পর্ব ও গণশুনানি চলাকালে প্রাপ্ত সকল মন্তব্য পর্যালোচনা করবে, এরপর সিদ্ধান্ত নিবে প্রস্তাবিত PTI আবেদনকে অনুমোদন দেবে কিনা, পরিমার্জনসহ অনুমোদন দেবে কিনা অথবা প্রত্যাখ্যান করবে কিনা। অনুমোদিত হলে, AQD প্রাপ্ত মন্তব্যগুলোর উপর ভিত্তি করে পারমিটে শর্তাবলী যোগ বা পরিবর্তন করার সিদ্ধান্ত নিতে পারে।

আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

প্রস্তাবিত পারমিট সম্পর্কে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে ডেভিড থম্পসন, AQD, এর সাথে ThompsonD22@Michigan.gov ঠিকানায়, অথবা 517-582-5095 নম্বরে যোগাযোগ করুন।

EGLE জনগণের কী ধরনের মন্তব্য বিবেচনা করে?

জনগণের মন্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু আমরা সিদ্ধান্ত গ্রহণের সময় কী বিবেচনা করতে পারি এবং কী বিবেচনা করতে পারি না সে সম্পর্কিত আইন স্পষ্টভাবে জানাও গুরুত্বপূর্ণ। নিচের টেবিলে কিছু উদাহরণ দেওয়া হলো।

আমরা কী বিবেচনা করতে পারি	আমরা কী বিবেচনা করতে পারি না
✓ পর্যালোচনার কারিগরি ত্রুটি	• বায়ু, ভূমি, বা পানির সমস্যা এই প্রকল্পের অংশ নয়
✓ ব্যাকরণ ও বানানে ভুল	• অভ্যন্তরীণ বায়ু দূষণ
✓ এই পদক্ষেপের অন্য যেসব বিধি মেনে চলা উচিত এবং কেন	• ট্রাফিক
✓ পদক্ষেপটি এই বিধিমালা কেন মেনে চলবে না	• শব্দ দূষণ ও আলো
	• জোনিং সংক্রান্ত সমস্যা
	• এই প্রকল্পের সাথে সম্পৃক্ত নয় এমন যেকোনো কিছু

আমি কিভাবে মন্তব্য করতে পারি?

AQD ১৪ মার্চ, ২০২২ পর্যন্ত জনগণকে মন্তব্য জানানোর আমন্ত্রণ জানাচ্ছে। মন্তব্য করার আগে, "একটি উদাহরণ দেখে নেওয়া" ভালো। এছাড়াও আপনি "গণশুনানি - আপনার কী কী জানা উচিত" কার্ডটি পড়ে দেখতে পারেন।

GM এর সাথে সম্পর্কিত কাগজপত্র পাওয়া যাবে এখানে:

Michigan.gov/EGLEAirPublicNotice



ইমেইলের মাধ্যমে

EGLE-AQD-PTIPubliccomments@Michigan.gov



US মেইলের মাধ্যমে

অ্যাটর্নেট সুইটজার, পারমিট শাখা ব্যবস্থাপক, EGLE, AQD,
P.O. Box 30260
Lansing, MI 48909-7760



ভয়েসমেইলের মাধ্যমে

517-284-0900 নম্বরে কল করার মাধ্যমে



ভার্চুয়াল গণশুনানিতে।

ভার্চুয়াল গণশুনানি ৩ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে।

EGLE মিশিগানের বাসিন্দাদের উন্নয়ন, বাস্তবায়ন এবং আইন, বিধিমালা ও নীতি প্রয়োগের বিষয়ে ন্যায়সঙ্গত আচরণ ও অর্থপূর্ণ সম্পৃক্ততা উৎসাহিত করে। ন্যায়সঙ্গত আচরণের অর্থ হলো কোনো পক্ষ সরকারী, শিল্প বা বাণিজ্যিক কার্যক্রম ও নীতিমালার ফলে সৃষ্ট নেতিবাচক পরিণতির অসামঞ্জস্যপূর্ণ শেয়ার বহন করে না। অর্থপূর্ণ সম্পৃক্ততার অর্থ হলো সব মানুষের তাদের পরিবেশ এবং/অথবা স্বাস্থ্যকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তে অংশ নেওয়ার সুযোগ রয়েছে।

EGLE জাতি, লিঙ্গ, ধর্ম, বয়স, রাষ্ট্রীয় পরিচয়, বর্ণ, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধিত্ব, রাজনৈতিক বিশ্বাস, উচ্চতা, ওজন, জেনেটিক তথ্য বা যৌন অভিমুখিতার ভিত্তিতে এর কর্মসূচি বা কার্যক্রম পরিচালনায় বৈষম্য করে না, এবং প্রযোজ্য আইন ও বিধি অনুসারে ভীতি প্রদর্শন এবং প্রতিশোধ নিষিদ্ধ করে।